



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- ক/অ/

তারিখ :

বিষয় : অস্থায়ী একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের ০১-১১-২০১৭ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.১২৭.১৭-৪৩৫ নং স্মারক পত্র।  
খ) অধ্যক্ষ মহোদয়ের ২৮-১১-২০১৭ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত হয়ে আগামী কলেজ মঞ্জুরী কমিটির অনুমোদন সাপেক্ষে নিম্নে প্রদত্ত শর্তাবলী পূরণের শর্তে আপনার প্রতিষ্ঠানে উচ্চ মাধ্যমিক পর্যায়ে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে অর্থাৎ ০১-০৭-২০১৭ খ্রি. হতে ৩০-০৬-২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে একাডেমিক স্বীকৃতি প্রদান করা হল। স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হবার পর স্বীকৃতি নবায়ন এবং আরোপিত শর্ত পূরণ করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট কলেজ পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদী পরিচালনা থেকে বিরত থাকবে।

১) আবশ্যিক বিষয় সমূহ : বাংলা, ইংরেজী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল বিভাগের জন্য)

২) নৈর্বাচনিক বিষয় সমূহ :

মানবিক বিভাগ: ইতিহাস, সমাজ বিজ্ঞান, যুক্তিবিদ্যা এবং কৃষি শিক্ষা।

বাণিজ্য বিভাগ : হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, ফিন্যান্স ব্যাংকিং ও বীমা এবং অর্থনীতি।

বিজ্ঞান বিভাগ: পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান এবং উচ্চতর গণিত।

শর্তাবলী :-

- ১। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ২। আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থী সংখ্যা, পরীক্ষার্থী সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।
- ৩। বিধি মোতাবেক শিক্ষক ও কর্মচারী নিয়োগ দিতে হবে।
- ৪। যথাযথ মর্যাদায় জাতীয় দিবস গুলি উদযাপন করতে হবে।
- ৫। শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া, সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
- ৬। বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহ এবং কৃতি লেখকদের পাঠ সহায়ক বই ক্রয় করতে হবে।
- ৭। কলেজের সকল বিজ্ঞপ্তি বোর্ডের ওয়েব সাইট হতে সংগ্রহ করতে হবে।

১৪৪/—

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৩৮

অধ্যক্ষ

ফজর আলী বালিকা স্কুল এন্ড কলেজ

ঝিনাইদহ।

স্মারক নং- ক/অ/ ১৫০(১১)/(১-১১)

তারিখ : ০৫/০৭/২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :-

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। সহকারী সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শাখা-১২ (বেসরকারি মাধ্যমিক-২), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, ব্যানবেইস, সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত) ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ।
- ৬। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, সদর, ঝিনাইদহ।
- ৯। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ১০। সভাপতি, গভার্ণিং বডি, ফজর আলী বালিকা স্কুল এন্ড কলেজ, ঝিনাইদহ।
- ১১। অফিস নথি।

১৫/০৭/২০১৭  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর